

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
[কর নীতি উইং]
www.nbr.gov.bd

নথি নং-০৮.০১.০০০০.০৩০.৭.০০৭.২০১৫/৮৬ (৫২)

তারিখঃ ২৮ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ
১২ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০ ধারা পরিপালন প্রসংগে।

আদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয়ের প্রতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

০২। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সপ্তম অধ্যায়ে বর্ণিত সুনির্দিষ্ট খাতসমূহ হতে উৎসে আয়কর কর্তন ও সংগ্রহ এবং উক্তরূপ কর্তিত ও সংগৃহীত কর সরকারী কোষাগারে জমা প্রদান উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষের জন্য বাধ্যতামূলক। উল্লিখিত বিধান পরিপালনে ব্যর্থ হলে উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষের কর নির্ধারণকালে দাবীকৃত উৎসে কর কর্তনযোগ্য সমুদয় খরচ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এ) এবং ৩০(এএ) ধারায় অননুমোদিত বিবেচনায় করযোগ্য আয়ে অন্তর্ভুক্ত হবে। সম্প্রতি উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে-মূল কর আদেশে উপ কর কমিশনার কর্তৃক ৩০(এ) এবং ৩০(এএ) ধারায় অগ্রাহ্যকৃত খরচ আপীল পর্যায়ে অনুমোদন করা হচ্ছে। এক্ষেত্রে উপকর কমিশনার কর্তৃক অগ্রাহ্যকৃত খরচের উপর আয়কর অধ্যাদেশ ১৯৮৪, এর সপ্তম অধ্যায়ে এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৩-তে নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পর উৎসে কর্তনযোগ্য করের সমপরিমাণ কর জরিমানাসহ জমা প্রদানের কারণে উক্ত অননুমোদনযোগ্য ও অগ্রাহ্যকৃত খরচ অনুমোদন করা হচ্ছে, যা আইনানুগ নয়।

০৩। বর্ণিত অবস্থায় জাতীয় রাজস্ব বোর্ড এ মর্মে স্পষ্ট করছে যে, উৎস কর কর্তনযোগ্য খরচের বিপরীতে কোন কর্তনকারী কর্তৃপক্ষ কর্তৃক কোন নির্দিষ্ট খরচের উপর উৎসে কর্তিত কর আয় বৎসর সমাপ্তির তারিখের মধ্যে সরকারী কোষাগারে জমাদানে ব্যর্থ হলে তা স্থিতিপত্রে Provision হিসেবে থাকতে হবে এবং শুধুমাত্র কর নির্ধারনী আদেশ প্রণয়নের পূর্বে নির্ধারিত হারে জরিমানাসহ সরকারী কোষাগারে জমা প্রদান করা হলেই সংশ্লিষ্ট খরচ অনুমোদনযোগ্য হবে।

০৪। কর নির্ধারনী আদেশ স্বাক্ষরের তারিখের পরে জমাকৃত কর (জরিমানাসহ বা জরিমানা ছাড়া যাই হোক না কেন) কোন ক্রমেই আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এ) বা ৩০(এএ) ধারার পরিপালন হিসেবে গণ্য হবে না এবং ফলশ্রুতিতে তার কারণে উপ কর কমিশনার কর্তৃক কৃত সংযোজন কোন পর্যায়েই বিলোপযোগ্য হবে না।

স্বাক্ষরিত
সুমন দাস
দ্বিতীয় সচিব (কর আইন-১)
ফোনঃ ৮৩৯১৬১৪
ইমেইলঃ taxpolicynbr@yahoo.com

স্বাক্ষরিত
সুমন দাস
দ্বিতীয় সচিব (কর আইন-১)
ফোনঃ ৮৩৯১৬১৪
ইমেইলঃ taxpolicynbr@yahoo.com

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। প্রেসিডেন্ট, ট্যাকসেস্ আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৩। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫, ঢাকা/বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় জরীপ অঞ্চল, ঢাকা।
- ৪। মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর/বিসিএস কর একাডেমী, ঢাকা।
- ৫। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪, চট্টগ্রাম।
- ৬। কর কমিশনার, কর অঞ্চল- খুলনা/রাজশাহী/সিলেট/রংপুর/ বরিশাল/ ময়মনসিংহ/ গাজীপুর /নারায়ণগঞ্জ /কুমিল্লা/বগুড়া।
- ৭। কর কমিশনার, কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।
- ৮। প্রথম সচিব (কর পরিবীক্ষণ ও সমন্বয়)/(ট্যাক্সেস লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ✓ ৯। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোডের জন্য)